17

দৈনিক জনকণ্ঠ

তারিখ 08 JAN 1994
পৃষ্ঠা ৯ কলাম ৬

## চট্টগ্রামে কিন্ডার গার্টেনের নামে চলছে জমজমাট ব্যবসা

# ছেলেমেয়েদের ভর্তি নিয়ে অভিভাবকমহল উদ্বিগ্ন

**মহসিন চৌধুরী,** *চট্টগ্রাম অফিস থেকে*

অভিভাবক মহলের উৎকণ্ঠার মাস হয়ে এলো নতুন বছরের জানুয়ারি। ক্রমবর্ধমান জনসংখ্যার চাপে স্কুলে ভর্তি সমস্যা দিন দিন প্রকট হওয়ায় ভর্তিচ্ছু অভিভাবকদের উৎকণ্ঠা বেড়ে যায়। অভিভাবকরা সবাই ভিড় করছেন ভাল স্কুলে ভর্তি করতে। ছেলেমেয়েরা প্রত্যাশিত স্কুলে আদৌ ভর্তির সুযোগ পাবে কিনা শঙ্কিত প্রত্যেকে। চট্টগ্রাম মহানগরীতে-এর কোন ব্যতিক্রম নেই। অধিকাংশ পরিবারেই সন্তানের ভর্তি সমস্যা ইতোমধ্যে সব ক'টি প্রাথমিক স্কুল ও কিন্ডার গার্টেনে গত বছরের পরীক্ষার ফলাফল প্রকাশ পেয়েছে। আজ থেকে শুরু হয়েছে ভর্তি পরীক্ষা। বিভিন্ন স্কুলে একনাগারে, ১৫ জানুয়ারি পর্যন্ত চলবে। পূর্বে চট্টগ্রামে মাধ্যমিক স্কুলে ভর্তি সঙ্কট থাকলেও গত বছর থেকে প্রত্যাশিত কিন্ডার গার্টেনে ভর্তির সুযোগ পাওয়া পর্যন্ত মুশকিল হয়ে দাঁড়িয়েছে।

চট্টগ্রাম মহানগরীর বিভিন্ন স্বনামধন্য মাধ্যমিক স্কুলগুলোতে ৬ষ্ঠ শ্রেণীতে ভর্তির নিয়ম থাকলেও কিন্ডারগার্টেন যুক্ত স্কুলগুলোতে ৫ম ও ৭ম শ্রেণীতে নতুনভাবে ভর্তি করা হয়। অন্যান্য শ্রেণীগুলোতে আসনসংখ্যা খালি হওয়ার উপর ভিত্তি করে স্কুল পরিবর্তন করা হয়। সরকারী মাধ্যমিক স্কুলগুলোতে দুই শিফট চালু হওয়ার পর কিছুটা চাপ কমলেও কিন্ডার গার্টেনে ভর্তি রীতিমতো অবাক করার কাণ্ড। নগরীর অলিতে গলিতে গজিয়ে উঠছে কিন্ডার গার্টেন। বাহারী নাম, বাহারী পোস্টার দিয়ে আকৃষ্ট করার চেষ্টা করা হচ্ছে অভিভাবকমহলকে। যেন শিল্প পণ্য। তবে সবচেয়ে আশ্চর্য ব্যাপার হচ্ছে অনুদানের নামে ঘুষ। নার্সারী বা কেজি শ্রেণীতে ভর্তির জন্য অনুদান দিতে হচ্ছে এক হাজার থেকে ৪ হাজার টাকা পর্যন্ত। অন্যথায় ভর্তির কোন সুযোগ নেই। নামমাত্র ভর্তির পরীক্ষা। এ পরীক্ষায় নির্ভর করা হয় অনুদান। এসব কিন্ডার গার্টেনের মাসিক বেতন ২ থেকে ৫শ' টাকা। ইংলিশ মিডিয়াম কিন্ডার গার্টেনগুলোতে বেতন ৭শ' থেকে ১ হাজার টাকা। নগরীর আবাসিক এলাকার অলিতে গলিতে খালি থাকলে সেখানে কিন্ডার গার্টেনের সাইনবোর্ড ঝুলে যায়। বর্তমানে নগরীতে দেড় শতাধিক কিন্ডার গার্টেন কাম কোচিং সেন্টার রয়েছে। এর মধ্যে ৫৭টি তালিকাভুক্ত। দু'টি কিন্ডার গার্টেনে সরকারী অনুদান দেয়া হয়।

চট্টগ্রাম কিন্ডার গার্টেনের নামে চলছে জমজমাট ব্যবসা। গুটিকয়েক কিন্ডার গার্টেন ছাড়া অন্যান্য কিন্ডার গার্টেনে শিক্ষার্থীদের কাগজ খাতা বই সরবরাহ করার নামে জোরদার টাকা আদায় করা হয়।সেব নিয়ন্ত্রণের কোন পদক্ষেপ নেই। ফলে এরা উৎসাহিত হচ্ছে। প্রতিবছর ১০ থেকে ২০টি কিন্ডার গার্টেন জন্ম নিচ্ছে। সুনাম অর্জনকারী কিন্ডার গার্টেনে ভর্তির প্রতি এ বছর চাপ বেশি। ৮/৯টি কিন্ডার গার্টেনে প্রতিটি আসনের জন্য আবেদনকারী ৮/১০ জন। সরকারী স্কুলে ভর্তিরও একই অবস্থা। কলেজিয়েট, মুসলিম হাই, চট্টগ্রাম সরকারী, মিউনিসিপ্যাল, ডাঃ খাস্তগীর, সেন্ট প্লাসিড স্কুলসহ নামকরা স্কুলগুলোতে ভর্তি হওয়া প্রায় সৌভাগ্যের ব্যাপার।

## বিএনপি সরকারের ক্ষমতায় থাকার আর কোন অধিকার নেই॥ কাজী জাফর

স্টাফ রিপোর্টার, খুলনা অফিস, ৭ জানুয়ারি।- জাতীয় পার্টির প্রেসিডিয়াম সদস্য কাজী জাফর আহমেদ এমপি বলেছেন, বর্তমান সরকার দেশের অর্থনীতিকে ধ্বংসের দিকে নিয়ে গেছে। এ সরকারের ক্ষমতায় থাকার আর কোন অধিকার নেই।

তিনি মঙ্গলবার সন্ধ্যায় দলের জেলা কার্যালয়ে আয়োজিত কর্মিসভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। জেলা সভাপতি এ্যাডঃ মোমিন উদ্দিন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মিসভায় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন লেঃ কর্নেল (অব) এইচ এম এ গাফফার, স ম বাবর আলী, সুভাষ ব্যানার্জী বাবু, গফফার বিশ্বাস, মোক্তার হোসেন প্রমুখ।

TISTICS
SHEET — OF — SHEETS